



বগুড়ায় নিয়ন্ত্রণ হারিয়ে ধানক্ষেতে পড়ল খাদ্য প্রতিমন্ত্রীর গাড়ি



ছবি: সংগৃহীত

বগুড়ার শিবগঞ্জে সড়ক পার হওয়া এক বৃদ্ধাকে বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে ধানক্ষেতে পড়ে গেছে জনপ্রশাসন ও খাদ্য প্রতিমন্ত্রী আব্দুল বারীকে বহনকারী একটি গাড়ি। এ ঘটনায় প্রতিমন্ত্রী ও তার স্ত্রীসহ ওই বৃদ্ধা আহত হয়েছেন।

গুৱাবার (৪ সেপ্টেম্বর) সকালে মোকামতলা-জয়পুরহাট সড়কের শিবগঞ্জ উপজেলার কিচক ইউনিয়নের গোপীনাথপুর এলাকায় দুর্ঘটনাটি ঘটে।

ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন শিবগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীনুজ্জামান।

পুলিশ জানায়, স্ত্রীকে নিয়ে ঢাকা থেকে নিজের নির্বাচনী এলাকা জয়পুরহাট-২ এর উদ্দেশ্যে যাচ্ছিলেন প্রতিমন্ত্রী আব্দুল বারী। গোপীনাথপুর এলাকায় পৌঁছালে ফিরোজা নামে এক বৃদ্ধা হঠাৎ দৌড়ে রাস্তা পার হওয়ার চেষ্টা করেন।

তাকে ধাক্কা এড়াতে গাড়িচালক গাড়ির নিয়ন্ত্রণ নেওয়ার চেষ্টা করলেও একপর্যায়ে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। পরে গাড়িটি সড়কের পাশের একটি ধানক্ষেতে গিয়ে পড়ে।

ওসি শাহীনুজ্জামান জানান, দুর্ঘটনায় প্রতিমন্ত্রী আব্দুল বারী ও তার স্ত্রী সামান্য আহত হয়েছেন। ঘটনাস্থলেই তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

অন্যদিকে, রাস্তা পার হওয়ার সময় আহত হওয়া বৃদ্ধা ফিরোজাকে চিকিৎসার জন্য টিএমএসএস হাসপাতালে পাঠানো হয়েছে।